# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।

নং- ১৩১৮-৩২ -জি- তারিখঃ ২৭ নভেম্বর, ২০০৭ইং

বিষয়ঃ The Code of Criminal Procedure, 1898 এর ১৭৪ ধারা মোতাবেক ম্যাজিস্ট্রাট কর্তৃক মৃত্যুর কারণ অনুসন্ধান এবং The Motor Vehicles Ordinance, 1983 এর বিধান অনুযায়ী মটরযানের লাইসেন্স ইস্যুর ক্ষমতা প্রয়োগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হইয়া জানাইতেছি যে, সংশোধিত Code of Criminal Procedure, 1898 এর ১৭৪ ধারা মোতাবেক যে কোন ব্যক্তির মৃত্যুর সংবাদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ অফিসার সুরতহাল তদন্ত পরিচালনা করিবেন এবং এই সম্পর্কিত প্রতিবেদন সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রাট বা ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রাট বরাবরে পেশ করিবেন। উক্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রাট বা ক্ষমতাপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রাট সিদ্ধান্ত প্রদান করিবেন। উল্লেখ্য যে, উক্ত বিষয়ে চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রাট বা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রাটগণের সিদ্ধান্ত প্রদানের কোন এখতিয়ার সংশোধিত ফৌজদারী কার্যবিধিতে রাখা হয় নাই।

২। The Motor Vehicles Ordinance, 1983 এর বিধান অনুযায়ী বিভিন্ন প্রকার মটরযানের লাইসেন্স প্রদান কিংবা বাতিল করার এখতিয়ার সংশ্লিষ্ট নির্বাহী ম্যাজিষ্ট্রাটের উপর বর্তায়। এই প্রসঙ্গে সংশোধিত ফৌজদারী কার্যবিধির নিম্নবর্ণিত ৪এ ধারা প্রণিধানযোগ্য।

**"4A. Construction of references..........................................................................**

**(2) Where, under any law for the time being in force other than this Code, the functions exercisable by a Magistrate relate to matters -**

..........................................................................................................................

(b) which are administrative or executive in nature, such as the granting of a licence, the suspension or cancellation of a licence, sanctioning a prosecution or withdrawing from a prosecution, they shall, subject as aforesaid, be exercisable by an Executive Magistrate."

সংশোধিত ফৌজদারী কার্যবিধির উপরোক্ত বিধান অনুসারে সকল প্রকার মটরযানের লাইসেন্স প্রদান কিংবা বাতিল করা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রাটগণের এখতিয়ার বহির্ভূত। তবে, এতদসংক্রান্ত বিষয়ে কোন জটিলতার উদ্ভব হইলে তাহা নিরসনের লক্ষ্যে সরকার ফৌজধারী কার্যবিধির উপরোক্ত বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া যথাযথ পদক্ষেপ গ্রহণ করিতে পারে।

উপরোক্ত বিষয়গুলি সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতক্রমে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করিবার জন্য মহোদয়কে অনুরোধ করা হইল।

২৭/১১/০৭

(মোঃ গোলাম সারওয়ার)
ডেপুটি রেজিষ্ট্রার-৩
ফোন- ৯৫৬১৪০১।

বরাবর

সচিব,
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।